



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 5th Semester Examination, 2022

CC12-BENGALI
NEW SYLLABUS

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

- ১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) 'বগড়া করিয়া ছোটোবউ বড়োবউয়ের মাথায় এক দায়ের কোপ বসাইয়া দিয়াছে।' - কে, কাকে একথা বলেছে? 'ছোটোবউ' ও 'বড়োবউ'-এর পরিচয় দাও।
- (খ) 'রসময়ীর রসিকতা' গল্পটি প্রথম কবে এবং কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? গল্পটি কোন্ গল্পগ্রন্থের অন্তর্ভুক্ত?
- (গ) 'স্টোভ' গল্পে মল্লিকা কোন্ পেশার সঙ্গে যুক্ত ছিল? সেই প্রতিষ্ঠানটির নাম কী ছিল? শশীভূষণের সঙ্গে তার বিয়ে হয়নি কেন?
- (ঘ) 'পুঁইমাচা' গল্পে পৌষ সংক্রান্তিতে অন্নপূর্ণা মেয়েদের জন্য কোন্ পিঠে বানিয়েছিল? ক্ষেস্তি সেই পিঠে কয়টা খেয়েছিল? ক্ষেস্তির দুই বোনের নাম কি ছিল?
- (ঙ) 'ইজ্জত' কথার অর্থ কী? আশাপূর্ণা দেবীর 'ইজ্জত' গল্পে কার কার ইজ্জত হানি হয়েছে বলে তুমি মনে করো, তা লেখো।
- (চ) 'আদাব' গল্পটি কোন্ প্রেক্ষাপটে রচিত? এই গল্পে বর্ণিত প্রধান চরিত্র দু'টির পেশা কী ছিল?
- ২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) 'সবুজপত্র' পর্বের গল্প হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'বোষ্টমী' গল্পটির মূল্যায়ন করো।
- (খ) 'দেবী' গল্পে প্রভাতকুমার মুখোপাধ্যায় সমকালীন অন্ধবিশ্বাস এবং তাকে কুঠারাঘাত করার যে চিত্র তুলে ধরেছেন তার পরিচয় দাও।
- (গ) 'সাগর সংগমে' গল্পের দাক্ষায়ণী চরিত্রটি চিত্রিত করো।
- (ঘ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'মৌরিফুল' গল্পে প্রকৃতি-প্রীতির স্বরূপ বিশ্লেষণ করো।
- (ঙ) 'ছোটলোক' গল্পের গঠনশৈলী বিচার করো।
- (চ) দেবেশ রায়ের 'কলকাতা ও গোপাল' গল্পের প্রেক্ষাপট উল্লেখ করে, সমকালীন প্রেক্ষিতে বিশ্লেষণ করো।
- ৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) ছোটগল্প হিসেবে রবীন্দ্রনাথ ঠাকুরের 'শাস্তি' গল্পের সার্থকতা বিচার করো।
- (খ) প্রভাতকুমার মুখোপাধ্যায়ের 'রসময়ীর রসিকতা' গল্পের হাস্যরসের স্বরূপ বিশ্লেষণ করো।
- (গ) নরেন্দ্রনাথ মিত্রের 'এক পো দুধ' গল্পে সামান্য একটু দুধ কীভাবে একটি পরিবারের কাছে ভালোবাসার দুধসাগরে পরিণত হয়েছে, তার পরিচয় দাও।
- (ঘ) সুবোধ ঘোষের 'চতুর্থ পানিপথের যুদ্ধ' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

—x—